ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৭৩/২০১৬/১৫২০৮

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ২১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

বাহাদুরপুর শরীয়াতিয়া কামিল মাদরাসা, ডাকঘর: বাহাদুরপুর, উপজেলা: শিবচর, জেলা: মাদারীপুর-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৪-০৫-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ নিম্নবর্ণিত শর্তে **২৬-০৩-২০২৫ থেকে ২৫-০৩-২০২৯** তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. শূন্যপদসমূহ দ্রুত পূরণের ব্যবস্থা করতে হবে;
২. ফাজিল ও কামিল শ্রেণিতে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে;
৩. শিক্ষার্থীদের আইসিটি ক্লাসের ব্যবস্থা করতে হবে;
৪. ফাইল নোটের মাধ্যমে ব্যাংক লেনদেন করতে হবে;
৫. গভর্নিং বডির সভায় বার্ষিক বাজেট ও আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন করতে হবে;
৬. কলামনার ক্যাশ বই নিয়মিত আপডেট রাখতে হবে;
৭. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি শিক্ষা-সহায়ক কার্যক্রম তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৮. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৯. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে;
১০. শিক্ষকবৃন্দের উপস্থিতি নিশ্চিত করত: ছুটি রেজিস্টারসহ ব্যক্তিগত ফাইল সংরক্ষণ করতে হবে এবং মাদরাসার সাইন বোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
১১. লাইব্রেরিতে মৌলিক বইয়ের সংখ্যা বাড়ানোসহ রেফারেন্স গ্রন্থ দ্বারা লাইব্রেরিকে আরও সমৃদ্ধ করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করার পাশাপাশি প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
১২. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২১/৯/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

বাহাদুরপুর শরীয়াতিয়া কামিল মাদরাসা
ডাকঘর: বাহাদুরপুর, উপজেলা: শিবচর, জেলা: মাদারীপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৭৩/২০১৬/১৫২০৮

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ২১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, বাহাদুরপুর শরীয়াতিয়া কামিল মাদরাসা, ডাকঘর: বাহাদুরপুর, উপজেলা: শিবচর, জেলা: মাদারীপুর।
৭. অফিস নথি।

21.09.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫